গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
নওগাঁ সদর, নওগাঁ।

নং- ১২.১৮.৬৪৬০.০৩৯.১৮.০১৫.২৪- ৭৮৩

তারিখঃ ১৫/১০/২০২৪ খ্রি.

## অফিস আদেশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খরিপ-২ মৌসুমে অত্র নওগাঁ সদর উপজেলায় ১০৫২০ হে. জমিতে রোপা আমন ধানের চাষাবাদ চলমান আছে। মাঠে ৬৯৫ হে. জমিতে শাকসবজিসহ বিভিন্ন ফসলের চাষাবাদ হচ্ছে। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, নওগাঁ মহোদয়ের স্মারক নং ১৫৬৬(১৫), তারিখঃ ১৪/১০/২০২৪ খ্রি. মোতাবেক রোপা আমন ধানের বাদামী গাছ ফড়িং, ব্লাস্ট, খোলপড়াসহ অন্যান্য রোগবালাই দমন ব্যবস্থাপনায় করণীয় বিষয়ে নির্দেশনা প্রদান করেছেন। ধানসহ বিভিন্ন ফসলের আবাদ নির্বিঘ্ন রাখতে অত্র দপ্তর হতে ইতোমধ্যে প্রতি ব্লকে তথ্যবহুল লিফলেট সরবরাহ করা হয়েছে। এমতাবস্থায় রোপা আমন ধানের বাদামী গাছ ফড়িং (বিপিএইচ), ব্লাস্ট রোগ, খোলপড়াসহ অন্যান্য রোগবালাই দমনে নিম্নলিখিত ব্যবস্থাদি গ্রহনের জন্য নির্দেশ দেওয়া হলোঃ

১। পোকামাকড় ও রোগবালাই দমনে পিপি স্কোয়াডকে সর্বদা তৎপর থাকতে হবে।
২। কৃষকদের সাথে ব্যক্তিগত যোগাযোগ, দলীয় আলোচনা, উঠান বৈঠক, ধর্মীয় প্রতিষ্ঠানে লিফলেট, বিতরণ ও আলোচনা সভা, বিভিন্ন হাট বাজারে রাস্তার মোড়ে পথসভা কার্যক্রম গ্রহন করা এবং তা উপসহকারী কৃষি অফিসারদের ডাইরীতে লিপিবদ্ধ করা।
৩। প্রতি ব্লকে উপসহকারী কৃষি অফিসার প্রতিদিন রোপা আমন ফসলের ক্ষেত সরেজমিনে পরিদর্শন করা।
৪। সন্ধ্যার পর মাল্টিমিডিয়ার মাধ্যমে পোকামাকড় রোগবালাই ব্যবস্থাপনা বিষয়ক ভিডিও প্রচারনার ব্যবস্থা গ্রহন ও প্রয়োজনীয় ইউনিয়ন পরিষদের ডিজিটাল সেন্টার ও আইসিএম ক্লাবের মাল্টিমিডিয়া ব্যবহার করা।
৫। বালাইনাশক কোম্পানির প্রতিনিধির সাথে সার্বক্ষনিক যোগাযোগের মাধ্যমে বালাইনাশকের সহজলভ্যতা নিশ্চিত করা।
৬। পাইকারী ও খুচরা বালাইনাশক ডিলারদের কাছে বালাইনাশক পর্যাপ্ত মজুদের ব্যবস্থা করা।
৭। শতকরা ৮০% ধান পাকলেই কর্তনের ব্যবস্থা গ্রহন করা।
৮। প্রতি ব্লকে কমপক্ষে ১০টি আলোক ফাঁদ স্থাপনের ব্যবস্থা করা।

উপর্যুক্ত নির্দেশনাসমূহ সুষ্ঠভাবে বাস্তবায়ন নিশ্চিতকরণসহ নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। এতদবিষয়ে কোন অবহেলা বা গাফিলতি না করার অনুরোধ করা হলো।

স্বা:
(মোঃ মনিরুল ইসলাম)
উপজেলা কৃষি অফিসার
নওগাঁ সদর, নওগাঁ।

নং- ১২.১৮.৬৪৬০.০৩৯.১৮.০১৫.২৪- ৭৮৩ (৬)

তারিখঃ ১৫/১০/২০২৪ খ্রি.

বিতরণঃ
১। অতিরিক্ত কৃষি অফিসার, নওগাঁ সদর, নওগাঁ।
২। কৃষি সম্প্রসারণ অফিসার, নওগাঁ সদর, নওগাঁ।
৩। উপসহকারী উদ্ভিদ সংরক্ষণ.অফিসার, নওগাঁ সদর, নওগাঁ।
৪। উপসহকারী কৃষি অফিসার,........................................................ ব্লক (সকল), নওগাঁ সদর, নওগাঁ।
৫। অফিস নথি, অত্র দপ্তর।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য
১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, নওগাঁ।

M. Islam
15/10/24
(মোঃ মনিরুল ইসলাম)
উপজেলা কৃষি অফিসার
নওগাঁ সদর, নওগাঁ।